



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র/২০১১/১৯৭২

তারিখঃ ২৯/০৬/২০১৫ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৫০ তম কমিশন সভা অদ্য ২৯/০৬/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

- 1857 Advisors Bangladesh Limited কর্তৃক কমিশনের অনুমতি ব্যতিরেকে কতিপয় স্টক ব্রোকারকে পরামর্শক সেবা (Advisory Service) প্রদান করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১০(১) ভঙ্গ করায় 1857 Advisors Bangladesh Limited -কে সতর্কপত্র (Warning Letter) ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও 1857 Advisors Bangladesh Limited -কে চুক্তির মাধ্যমে BRAC EPL Stock Brokerage Ltd. এবং MTB Securities Ltd. কর্তৃক Marketing/Business Development Agent নিয়োগ করায় BRAC EPL Stock Brokerage Ltd. এবং MTB Securities Ltd. -কেও সতর্ক পত্র (Warning Letter) ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- United Commercial Bank Limited এর ৫০০ কোটি টাকা Second Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ ৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Unsecured, Fully Redeemable, Floating Rated Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, শুধুমাত্র ব্যাংক, স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, কর্পোরেট বডি, মিউচুয়াল ফান্ড, এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী, মার্চেন্ট ব্যাংক এবং উচ্চ সম্পদধারী ব্যক্তিরাই (high net worth individuals) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে United Commercial Bank Limited ব্যাসেল প্রি এর শর্ত পূরণ, টায়ার ২ মূলধন বৃদ্ধি ইত্যাদি কাজে ব্যয় করবে। United Commercial Bank Limited Second Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger এবং Trustee হিসাবে কাজ করছে যথাক্রমে IDLC Finance Limited এবং Trust Bank Limited।
- ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর আবেদনের প্রেক্ষিতে এবং পূর্জিবাজারের স্বার্থ তথা বিনিয়োগকারীদের স্বার্থের বিষয়টি বিবেচনায় নিয়ে কমিশন Margin Rules, 1999 এর Rule 3(5) এর কার্যকারিতা স্থগিতাদেশের মেয়াদ ৩০ জুন ২০১৫ থেকে ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
- অনিবার্য করণবশত: বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যুরেন্স কোঃ লিঃ এর প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর চাঁদা গ্রহণ, যা ৩০/০৬/২০১৫ইং তারিখে শুরু হওয়ার কথা ছিল, আপাততঃ স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- তালিকাভুক্ত কোম্পানী/সিকিউরিটিজ সমূহের আর্থিক প্রতিবেদনসমূহ নিরীক্ষাকার্য সম্পাদনের নিমিত্তে কমিশন কর্তৃক একটি "Auditors Panel" অনুমোদিত হয়। যাহা আগস্ট ১, ২০১৫ তারিখ হতে কার্যকর হবে। যা শীঘ্রই কমিশনের ওয়েব সাইট [www.sec.gov.bd](http://www.sec.gov.bd) -এ প্রকাশিত হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৬. আইসিবি পরিচালিত ৮টি মিউচুয়াল ফান্ডকে নিম্নোক্ত সময়ের মধ্যে বিধি মোতাবেক রূপান্তর / অবসায়ন সম্পন্ন করতে হবে মর্মে কমিশন সভায় সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ফান্ডসমূহ	অবসায়ন/রূপান্তরের সময়সীমা
প্রথম আইসিবি মিউচুয়াল ফান্ড	৩১ ডিসেম্বর ২০১৫ এর মধ্যে
দ্বিতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড	৩১ জানুয়ারী ২০১৬ এর মধ্যে
তৃতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড	২৯ ফেব্রুয়ারী ২০১৬ এর মধ্যে
চতুর্থ আইসিবি মিউচুয়াল ফান্ড	৩১ মার্চ ২০১৬ এর মধ্যে
পঞ্চম আইসিবি মিউচুয়াল ফান্ড	৩০ এপ্রিল ২০১৬ এর মধ্যে
ষষ্ঠ আইসিবি মিউচুয়াল ফান্ড	৩০ জুন ২০১৬ এর মধ্যে
সপ্তম আইসিবি মিউচুয়াল ফান্ড	৩০ সেপ্টেম্বর ২০১৬ এর মধ্যে
অষ্টম আইসিবি মিউচুয়াল ফান্ড	৩১ ডিসেম্বর ২০১৬ এর মধ্যে

৭. মেয়াদি (closed-end) মিউচুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) মিউচুয়াল ফান্ড -এ রূপান্তর এর জন্য বিদ্যমান “কনভারশন গাইডলাইন” এর কিছু সংশোধন কমিশন সভায় অনুমোদিত হয়, যা শীঘ্রই নির্দেশনা আকারে প্রকাশিত হবে।

৮. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী AIMS পরিচালিত First Guaranteed Mutual Fund One এবং Grameen One : First Scheme of the Grameen Mutual Fund One -কে ৩১ ডিসেম্বর ২০১৫ এর মধ্যে বিধি মোতাবেক রূপান্তর / অবসায়ন সম্পন্ন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।


৯. একটি মিউচুয়াল ফান্ড হতে অন্য একটি মিউচুয়াল ফান্ডে বিনিয়োগজনিত ক্ষতির কারণে প্রভিশন সংরক্ষণ বিষয়ে নির্দেশনা প্রকাশের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত নির্দেশনার অন্যান্য বিষয়ের মধ্যে এখন থেকে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণে প্রভিশন সংরক্ষণ করতে হবেঃ

(ক) মেয়াদী (Closed- end) মিউচুয়াল ফান্ড এ বিনিয়োগের ক্ষেত্রে:

সংরক্ষিতব্য প্রভিশন = [মেয়াদী মিউচুয়াল ফান্ড ইউনিটের গড় ক্রয় মূল্য - চলতি বাজার মূল্যে নীট সম্পদ মূল্যের ৮৫% (NAVcmp \* 85%)]

(খ) বে-মেয়াদী (Open- end) মিউচুয়াল ফান্ড এ বিনিয়োগের ক্ষেত্রে:

সংরক্ষিতব্য প্রভিশন = [বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড ইউনিটের গড় ক্রয় মূল্য - বে-মেয়াদী ইউনিটের পুনঃক্রয় মূল্য (NAVcmp এর সর্বোচ্চ ৫% ডিসকাউন্ট)]

  
২৩/০৫/২০১৫  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র